ডা. লিমন পারভেজের ডি-কার্ড (কার্ডিওলজি) ডিগ্রি অর্জণ

বাংলাদেশ মেডিকেল বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত ডি-কার্ড (কার্ডিওলজি) চূড়ান্ত পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন ডা. মো. লিমন পারভেজ। মঙ্গলবার ঘোষিত ফলাফলে তিনি হৃদরোগ বিশেষজ্ঞ হিসেবে নতুন স্বীকৃতি অর্জন করেন।

ডা. লিমন পারভেজ পাবনা মেডিকেল কলেজের ২ ব্যাচ থেকে এমবিবিএস ডিগ্রি অর্জন করেন। ৩৯ তম বিসিএসএ’র মাধ্যমে ২০১৯ সালের ডিসেম্বর মাসে চিকিৎসক হিসেবে কর্মজীবন শুরু করেন তিনি। এরপর ঝিনাইদহ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও পরে সদর হাসপাতালে মেডিকেল অফিসার হিসেবে দায়িত্ব পালন করেন।

কার্ডিওলজিতে উচ্চতর জ্ঞান অর্জনের লক্ষ্যে তিনি ময়মনসিংহ মেডিকেল কলেজে দুই বছর মেয়াদী কোর্স সম্পন্ন করেন। সর্বশেষ ঘোষিত পরীক্ষায় সাফল্যের সঙ্গে উত্তীর্ণ হয়ে হৃদরোগ বিশেষজ্ঞ হিসেবে নিজেকে প্রতিষ্ঠিত করেছেন তিনি। এছাড়াও তিনি এফসিপিএস (কার্ডিওলজি)তে পার্ট-১ পাশ করেন ২০২৩ সালে।

ঝিনাইদহ সদর উপজেলার ঘোড়শাল ইউনিয়নের নারিকেলবাড়িয়া গ্রামের এই কৃতি সন্তান নিজের মেধা ও পরিশ্রমে শুধু পরিবার নয়, পুরো এলাকার গর্ব হয়ে উঠেছেন।

সহকর্মী ও শুভানুধ্যায়ীরা তার এই অর্জনকে চিকিৎসা ক্ষেত্রে গুরুত্বপূর্ণ মাইলফলক হিসেবে দেখছেন। অনেকেই আশা প্রকাশ করেছেন, ভবিষ্যতে তিনি হৃদরোগ চিকিৎসায় বিশেষ অবদান রাখবেন।